

সার্কুলার নং- বিজিএ/এডমিন/২০২৩/২৪৯

৩১ অক্টোবর ২০২৩

সম্মানিত সদস্যগণের জন্য

প্রিয় সহকর্মী ও সদস্যবৃন্দ

আসসালামু আলাইকুম।


আপনারা নিশ্চয়ই অবগত আছেন যে, গত ২২ অক্টোবর, ২০২৩ তারিখে নিম্নতম মজুরি বোর্ডে মালিকপক্ষ এবং শ্রমিকপক্ষ পোশাক শিল্প শ্রমিকদের নিম্নতম মজুরির প্রস্তাবনা দাখিল করেছেন। এ ঘটনাকে কেন্দ্র করে দেশের বিভিন্ন পোশাক শিল্প কারখানার শ্রমিকগণ কাজ না করে কারখানা ছেড়ে বেরিয়ে আসছে। এমনকি বিভিন্ন কারখানাতে ভাংচুরসহ আগুন লাগানোর ঘটনা ঘটাচ্ছে।

পোশাক শিল্প শ্রমিকদের নিম্নতম মজুরি ঘোষণা সংক্রান্ত উদ্ভূত শ্রম অসন্তোষ বিষয়ে সার্বিক পরিস্থিতি অবগত করানোর জন্য বিজিএমইএ'র পক্ষ থেকে অদ্য ৩১ অক্টোবর ২০২৩ তারিখ মঙ্গলবার জরুরী প্রেস ব্রিফিং করা হয়েছে। উক্ত প্রেস ব্রিফিং থেকে জানানো হয়েছে যে, নিম্নতম মজুরি বোর্ড নভেম্বর মাসের মধ্যে চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণ এবং ঘোষণা করবেন যা আগামী ০১ ডিসেম্বর ২০২৩ তারিখ থেকে কার্যকর হবে।

কিন্তু বিগত কয়েক দিন ধরে বহিরাগতদের উস্কানিতে কিছু পোশাক কারখানায় শ্রমিক ভাই-বোনেরা কাজ না করে কারখানা থেকে বের হয়ে যাচ্ছেন এবং কারখানা ভাংচুর করছেন। এখন থেকে কোন কারখানায় এই অবস্থা সৃষ্টি হলে কারখানা কর্তৃপক্ষ বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ এর ১৩(১) ধারা অনুযায়ী ব্যবস্থা গ্রহণ করতে পারবেন। এ ছাড়াও প্রেস ব্রিফিং এ এই পরিস্থিতি মোকাবেলার জন্য সরকারের বিভিন্ন সংস্থা এবং সরকারের আইন শৃঙ্খলা বাহিনীর সার্বিক সহায়তার জন্যও অনুরোধ জানানো হয়েছে।

এ ব্যাপারে সকলের আন্তরিক সহযোগিতা একান্তভাবে কামনা করছি।

ধন্যবাদান্তে,



ফারুক হাসান
সভাপতি

BANGLADESH GARMENT MANUFACTURERS & EXPORTERS ASSOCIATION (BGMEA)

বাংলাদেশ পোশাক প্রস্তুতকারক ও রপ্তানীকারক সমিতি

— বাংলাদেশ তৈরি —